চেক সংগ্রহের নীতি

1. ভূমিকা

অর্থপ্রদান এবং লেনদেনের নিষ্পত্তিতে প্রাযুক্তিক উন্নতি এবং ব্যাংকিং লেনদেন নিষ্পত্তি পদ্ধতির ও প্রক্রিয়ার গুণগত পরির্বতন যা অনেক ব্যাংক গ্রহণ করেছে, রির্জাভ ব্যাংক অফ্ ইন্ডিয়া, 1 নভেম্বর 2004তে বাণিজ্যিক ব্যাংকগুলিতে নীচের বিষয়গুলিতে পূর্ব্বেকার নির্দেশাবলী উঠিয়ে নিয়েছেন (i) স্থানীয়/বাইরের চেকে তাৎক্ষণিক অর্থপ্রদান (ii) স্থানীয়/বাইরের চুক্তিভূক্ত নির্দেশ সংগ্রহের জন্য সময়কাল এবং (iii) দেরিতে সংগ্রহের জন্য সুদপ্রদান। এই সকল বাধ্যতামূলক নির্দেশিকাবলী তুলে নেওয়ার কারণ হল বাজার চাহিদাকে প্রতিযোগিতার বাজারে কাজ করতে দেওয়া, চেক এবং অন্যান্য চুক্তিভূক্ত নির্দেশ সংগ্রহতে আরো দক্ষতার উন্নতির জন্য। ব্যাংকের এই সংগ্রহ নীতি হল আমাদের গ্রাহকদের আরো ভাল পরিষেবা প্রদান করার র্বতমান প্রচেষ্টা এবং আমাদের র্কমশৈলীর আরো উচ্চতর মানদন্ড স্থাপন করা। গ্রাহকদের প্রতি স্বচ্ছতা এবং পক্ষপাতহীন আচরণ হল এই নীতির ভিত্তি। ব্যাংক গ্রাহকদের দ্রুত সংগ্রহ পরিষেবা প্রদান করার জন্য ক্রমর্বধমান প্রযুক্তির ব্যবহার করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই নীতিদলিল নিম্নলিখিত অভিমুখ ব্যাখ্যা করে:

- ভারতের ভিতরে বিভিন্ন কেন্দ্রে এবং বিদেশে স্থানীয়ভাবে প্রদানযোগ্য চেক এবং অন্যান্য চুক্তিভূক্ত নির্দেশ সংগ্রহ।

- চুক্তিভূক্ত নির্দেশ সংগ্রহের সময়কালে আমাদের অঙ্গীকার।

- সুদপ্রদানের নীতি যেখানে ব্যাংক বাইরের চুক্তিভূক্ত নির্দেশের অর্থ উপলব্ধকরণ ঠিক সময়ে করতে ব্যর্থ হয়েছে।

- লেনদেনে হারিয়ে যাওয়া চুক্তিভূক্ত নির্দেশ মোকাবিলা করার বিষয়ে আমাদের নীতি।

2. সংগ্রহ ব্যবস্থা:

2.1. স্থানীয় চেক্

সমস্ত চেক এবং অন্যান্য নিঃর্শত আদেশ বা প্রতিশ্রুতি স্থানীয়ভাবে প্রদানযোগ্য কেন্দ্রে প্রচলিত ক্লিয়ারিং পদ্ধতির মাধ্যমে উপস্থাপনা করা হবে। শাখার কাউন্টারে এবং সংগ্রহ বাক্সে গচ্ছিত একই দিনে ক্লিয়ারিংএর জন্য, যদি শাখা খোলার সময় থেকে এক ঘন্টা পর্যন্ত অবধি উপস্থাপন করা হয়ে থাকে। ঐ সময়সূচীর পরে শাখা অফিসের বাইরে সংগ্রহ বাক্সে চেক্ জমা দিলে অফিসের বাইরে ATM কাউন্টারসহ, পরের ক্লিয়ারিং চক্রে উপস্থাপন করা হবে। তবে প্রত্যেক স্থানের ক্লিয়ারিং সময়ের উপরে নির্ভর করে পৃথক শাখায় নির্দিষ্ট সংক্ষেপিত সময় প্রদর্শিত করা হয়ে থাকে। নীতি অনুযায়ী, ব্যাংক একই দিনে যেদিন ক্লিয়ারিং লেনদেন নিষ্পত্তি হয় সেদিনই গ্রাহকের অ্যাকাউন্টে অর্থপ্রদান করে থাকে। ক্লিয়ারিং হাউসের চেকফের সময়সূচি অনুযায়ী প্রদত্ত অর্থ তুলে নেবার অনুমতি দিতে হবে। যেখানে প্রযোজ্য, উচ্চ-মূল্যের ক্লিয়ারিংএর সুবিধা (একই দিনে অর্থপ্রদান) গ্রাহকদের উপলব্ধ করা হবে।

যেখানে কোন ক্লিয়ারিং হাউসের উপস্থিতি নেই, সেসব কেন্দ্রে অবস্থিত ব্যাংক শাখাগুলি অর্থপ্রদান করা ব্যাংকের উপর স্থানীয় কাউন্টারে চেক উপস্থাপন করবে এবং ব্যাংকের প্রচেষ্টা হবে চেকের অর্থ যত তাড়াতাড়ি সম্ভব প্রদান করা যায়।

2.2. বাইরের চেক

বাইরের কেন্দ্রে অন্য ব্যাংকের উপর ইস্যুকরা চেক সাধারণতঃ ঐসব কেন্দ্রের ব্যাংকের শাখায় সংগৃহীত হবে। যেখানে ব্যাংকের নিজস্ব শাখা নেই, চুক্তিভূক্ত নির্দেশ সরাসরি অর্থপ্রদান করা ব্যাংকের কাছে বা কোন অনুরূপ ব্যাংকের মাধ্যমে সংগ্রহের জন্য পাঠানো হবে। রিজার্ভ ব্যাংক অফ্ ইন্ডিয়া প্রদত্ত জাতীয় ক্লিয়ারিং পরিষেবাকে ব্যাংক উপলব্ধ করবে যেখানে ঐরকম সংগ্রহ পরিষেবা বর্তমান আছে।

বাইরের কেন্দ্রে ব্যাংকের নিজস্ব শাখার উপরে ইস্যু করা চেক সংগৃহীত হবে চলতি আন্তঃ-শাখা ব্যবস্থা উপলব্ধ করে। শাখাগুলি যা এক কেন্দ্রীয় প্রস্তুতি ব্যবস্থার সাথে সংযুক্ত এবং তাদের যেকোন জায়গায় ব্যাংকিং পরিষেবা প্রদান করার প্রস্তাব দিচ্ছে, বাইরের চুক্তিভূক্ত নির্দেশ সংক্ষিপ্ত সময়ের পূর্ব্বে গচ্ছিত হলে এবং তাদের যেকোন শাখার উপরে ইস্যু করা হয়ে থাকলে, শাখাগুলি একই দিনে অর্থপ্রদান করবে।

2.3 বিদেশে প্রদানযোগ্য চেক্

বিদেশী কেন্দ্রে প্রদানযোগ্য চেক যেখানে ব্যাংকের চালু শাখা আছে (বা ব্যাংকিং কাজ কোন সহায়কের মাধ্যমে হয়ে থাকে) সেই অফিসের মাধ্যমে সংগ্রহ করা হবে। অনুরূপ ব্যাংকের পরিষেবা ব্যবহৃত হবে সেই দেশে/কেন্দ্রে যেখানে ব্যাংক বা এর অনুরূপের সরাসরি উপস্থিতি নেই, সরাসরি অর্থপ্রদান করা ব্যাংকে পাঠানো হবে এই নির্দেশিকাসহ যে ব্যাংকের নিজ নিজ নস্ট্রো অ্যাকাউন্টে যা অনুরূপ ব্যাংকের সাথে বজায় রাখা হয়েছে, সেখানে প্রদত্ত অর্থ জমা পড়বে।

কয়েকটি গুরুত্বপূর্ণ মুদ্রার কুলিং সময়সীমা নিচে উল্লেখ করা হল:

কুলিং সময়সীমার দিন		
মুদ্রা		কুলিং সময়সীমা-কাজের দিন
USD	নিউইর্য়ক	6
USD	বিনা নিউইর্য়ক ক্লিয়ারিং	14
GBP		10
EUR		10
AED		8
SGD		21
CAD		21
বিনিময় মুদ্রার হার: কুলিং সময়সীমার পরে অর্থপ্রদান করার দিনের প্রযোজ্য হার		

2.4 তাৎক্ষণিক স্থানীয় / বাইরের চেকে / চুক্তিভূক্ত নির্দেশে অর্থপ্রদান:

ব্যাংকের সাথে গ্রাহকের পূর্ব্বে ব্যবস্থা থাকলে গ্রাহককে সংগৃহীত চুক্তিভূক্ত নির্দেশে তাৎক্ষণিকঅর্থপ্রদান উপলব্ধ করা হবে। স্থানীয় চেকে / চুক্তিভূক্ত নির্দেশে 15000 টাকা পর্যন্ত সন্তোষজনক লেনদেনকারী অ্যাকাউন্টের ক্ষেত্রে তাৎক্ষণিক অর্থপ্রদানের সুবিধা উপলব্ধ করা হবে সেই কেন্দ্রে যেখানে কোন আনুষ্ঠানিক ক্লিয়ারিং হাউসের অস্তিত্ব নেই।

এই নীতি অনুযায়ী, পূর্ব্বপ্রদত্ত চুক্তিভূক্ত নির্দেশ যেমন ডিমান্ড ড্রাফট, সুদ / ডিভিডেন্ড ওয়ারেন্ট চেকের সাথে সমভাবে বিবেচিত হবে। ব্যাংকের নিজস্ব শাখার উপরে ইস্যুকরা পূর্ব্বপ্রদত্ত চুক্তিভূক্ত নির্দেশ যেমন ডিমান্ড ড্রাফট, সুদ / ব্যাংকার্স চেকে, ব্যাংক তাৎক্ষণিক অর্থপ্রদানের ঝুঁকি নিতে পারবে কারণ ব্যাংক ইতিমধ্যে অর্থ পেয়ে গেছে।

কোন চেক অস্বীকৃত হলে যার জন্য তাৎক্ষণিক অর্থপ্রদান উপলব্ধ করা হয়েছে, স্বতন্ত্র গ্রাহকের কাছ থেকে সুদ পুনরুদ্ধারযোগ্য ওভারড্রাফটের নিয়ন্ত্রণসীমার প্রযোজ্য হারে সেই সময়ের জন্য যখন ব্যাংকে টাকা ছিল না।

এই নীতির জন্য কোন সন্তোষজনক লেনদেনকারী অ্যাকাউন্টের ক্ষেত্রে এরকম হবে

a) অন্ততঃপক্ষে ছয় মাস পূর্ব্বে খোলা হয়েছে এবং KYC নিয়ম পালন করছে।
b) যার আচরণ সন্তোষজনক এবং ব্যাংক কোন অনিয়ম লেনদেন লক্ষ্য করে নি।
c) যেখানে কোন চেক / চুক্তিভূক্ত নির্দেশ যার জন্য তাৎক্ষণিক অর্থপ্রদানের ঝুঁকি নেওয়া হয়েছিল তা আর্থিক কারণে অর্থপ্রদান না করে ফের হয়েছে।
d) যেখানে অতীতে আগামপ্রদত্ত চেকসহ চুক্তিভূক্ত নির্দেশে তাৎক্ষণিক অর্থপ্রদানের পরে ফের আসাতে অর্থ পুনরুদ্ধারে ব্যাংক কোন অসুবিধায় পড়েনি।

ব্যাংক চেকের মূল্যের উপর সাধারণ খরচ এবং কমিশন সংগ্রহ করবে সময়ে সময়ে সুনির্দিষ্ট হারে। ধার্য্য কমিশনের হার ঐ অনুযায়ী হবে যা সাধারণ মাশুলসূচীতে প্রকাশিত হয়েছে।

2.5 স্থানীয় / বাইরের চেক ক্রয়

ব্যাংক তার বিচারবিবেচনায়, স্থানীয় / বাইরের চেক ক্রয় করতে পারে যা পূর্ব্বেকার ব্যবস্থামত গ্রাহক দ্বারা সংগ্রহের জন্য জমা দেওয়া হয়েছে। সন্তোষজনক লেনদেনকারী অ্যাকাউন্ট ছাড়াও চেক ক্রয়ের ক্ষেত্রে চেক ইস্যুকারীর পদমর্যাদাও একটি কারণ ধরা হবে।

2.6 স্পীড ক্লিয়ারিং:

রিজার্ভ ব্যাংক অফ্ ইন্ডিয়া বাইরের চেক সংগ্রহের সময় কমানোর উদ্দেশ্যে এক পদ্ধতির প্রবর্তন করেছে যাকে "স্পীড ক্লিয়ারিং" বলা হয়ে থাকে। স্থানীয় ক্লিয়ারিংএর মাধ্যমে বাইরের চেক সংগ্রহকে স্পীড ক্লিয়ারিং বলা হয়ে থাকে। সংগ্রহ পদ্ধতির মাধ্যমে বাইরের চেক সংগ্রহ অর্থপ্রদানের কেন্দ্রের উপর নির্ভর করে প্রায় দু সপ্তাহ সময় নেয়। স্পীড ক্লিয়ারিংএ, এটি কমে দুই থেকে তিন কাজের দিন হবে।

বর্তমানে RBI কোড, 10, 11 এবং 13 নামে 66টি কেন্দ্রে স্পীড ক্লিয়ারিং সুবিধা প্রদান করে থাকে যা CBS-যুক্ত ব্যাংক শাখায় ইস্যু করা হয়ে থাকে এবং স্পীড ক্লিয়ারিংএ উপস্থাপনের জন্য অনুমতিপ্রাপ্ত। পেঅর্ডার, ডিমান্ড ড্রাফট, সরকারী চুক্তিভূক্ত নির্দেশ এবং চেক্ কোন ব্যাংকের উপর বা ব্যাংকের শাখায় ইস্যু করা হলে যা স্পীড ক্লিয়ারিং ব্যবস্থার অংশ নয়, সেগুলো স্পীড ক্লিয়ারিং সংগ্রহের অনুমতিপ্রাপ্ত হবে না। এই নতুন ক্লিয়ারিং ব্যবস্থা বাইরের চেকের সংগ্রহব্যবস্থা সহজতর করবে এর জমা দেবার শাখা অবস্থানেই এবং চুক্তিভূক্ত নির্দেশ গন্তব্যস্থলের কেন্দ্রে যাবে না অর্থা যেখানে চুক্তিভূক্ত নির্দেশের অর্থপ্রদানকারী তার অ্যাকাউন্ট চালু রেখেছেন সেখানে।

স্পীড ক্লিয়ারিং কেন্দ্র এবং অংশগ্রহণকারী ব্যাংক শাখাগুলিরর তালিকা RBI ওয়েবসাইটে দেওয়া আছে।

3. স্থানীয় / বাইরের চেক / চুক্তিভূক্ত নির্দেশ সংগ্রহের সময়সীমা:

স্থানীয় চেকের জন্য যা ক্লিয়ারিংএ উপস্থাপন করা হয়েছে, অর্থপ্রদান করা হবে ক্লিয়ারিংএ তহবিলের লেনদেনের নিষ্পত্তির দিনে এবং অ্যাকাউন্ট উপভোক্তা চলতি ক্লিয়ারিংএর নীতি অনুযায়ী অর্থ তুলে নিতে পারবেন।

চেক / চুক্তিভূক্ত নির্দেশ উচ্চ-মূল্যের ক্লিয়ারিংএ উপস্থাপন করলে (নূন্যতম 1 লাখ বা স্থানীয় ক্লিয়ারিং হাউস দ্বারা স্থিরীকৃত) একই দিনে অর্থপ্রদান করা হবে (শুধুমাত্র সেই স্থানগুলির জন্য যারা উচ্চ-মূল্য / একই দিনে ক্লিয়ারিংএর অনুমোদনপ্রাপ্ত)।

চেক এবং অন্যান্য চুক্তিভূক্ত নির্দেশের জন্য যা দেশের বিভিন্ন কেন্দ্রে সংগ্রহের জন্য পাঠানো হয়েছে, নীচের সময়সূচি প্রযোজ্য হবে:

a) বাইরের চেক যেকোন ব্যাংক শাখায় জমা দিলে এবং রাজ্য রাজধানীতে প্রদানযোগ্য হলে, সর্বাধিক 7 দিনের মধ্যে অর্থপ্রদান করা হবে। দিনগুলো হিসাব করা হবে চেক জমা দেবার স্থান এবং অর্থপ্রদানযোগ্য স্থান উভয়দিকেই অন্তর্বর্তীকালীন ছুটির দিন বাদ দিয়ে।

b) বড় বড় শহরের উপর ইস্যুকরা চেকে (সময়ে সময়ে ব্যাংক দ্বারা চিহ্নিত) জমা দেবার দিন থেকে সর্বাধিক 10 দিনের মধ্যে অর্থপ্রদান করা হবে। দিনগুলো হিসাব করা হবে চেক জমা দেবার স্থান এবং অর্থপ্রদানযোগ্য স্থান উভয়দিকেই অন্তর্বর্তীকালীন ছুটির দিন বাদ দিয়ে।

c) উপরে বর্ণিত কেন্দ্র ব্যতীত অন্য কোন কেন্দ্রের উপর ইস্যু করা চেকে জমা দেবার দিন থেকে সর্বাধিক 14 দিনের মধ্যে অর্থপ্রদান করা হবে। দিনগুলো হিসাব করা হবে চেক জমা দেবার স্থান এবং অর্থপ্রদানযোগ্য স্থান উভয়দিকেই অন্তর্বর্তীকালীন ছুটির দিন বাদ দিয়ে।

সত্বর চেক উপলব্ধের জন্য ব্যাংক সমস্ত প্রয়োজনীয় পদক্ষেপ অনুসরণ করবে এবং তাই দেরীতে চেকের উপলব্ধের কোন কারণকে সাধারনভাবে বিশ্লেষণ করা যাবে না এবং বিশেষ পরিস্থিতির উপরে প্রতিটি কেস আলাদা করে বিচার করে সিদ্ধান্ত নেবার প্রয়োজন আছে। যেখানে ব্যাংক বা তার প্রতিনিধি বাইরের চেক(গুলি) ক্লিয়ারিংএ / যেই ব্যাংকের উপর চেক কাটা হয়েছে, সেখানে জমা দিয়ে থাকে, তাহলে এরপরে চুক্তিনির্দেশ(গুলি) RBI নির্দেশিত সময়ের মধ্যে উপলব্ধ করার দায়িত্ব ক্লিয়ারিং ব্যাংকের উপর বর্তাবে। ক্লিয়ারিং / যেই ব্যাংকের উপর চেক কাটা হয়েছে, তাদের কারণে অহেতুক দেরী হলে, ব্যাংক দেরীতে অর্থ উপলব্ধ হবার কারণে সুদপ্রদানের উপযুক্ততা স্থির করবে।

বিদেশের ব্যাংকের উপরে চেক্ কাটা হলে চেক সংগ্রহের জন্য গৃহীত হবে `সর্ব্বোত্তম প্রচেষ্টা´র ভিত্তিতে। সংশ্লিষ্ট ব্যাংকের সাথে কোন বিশেষ সংগ্রহ বন্দোবস্ত থাকলে, ব্যাংক সংশ্লিষ্ট ব্যাংকের নস্ট্রো অ্যাকাউন্টের জমারাশিতে ঋণপ্রদানের মাধ্যমে উপভোক্তার অ্যাকাউন্টে অর্থ জমা করবে সংশ্লিষ্ট দেশের ক্ষেত্রে প্রযোজ্য *কুলিং সময়সীমা* অতিবাহিত করার বিষয়টি হিসাবের মধ্যে নিয়ে।

4. দেরীতে স্থানীয় / বাইরের চেক সংগ্রহের জন্য সুদপ্রদান: ব্যাংকের ক্ষতিপূরণ নীতি অনুযায়ী, ব্যাংক তার গ্রাহককে সংগৃহীত চুক্তিনির্দেশের অর্থের উপর সুদপ্রদান করবে যদি উপরোক্ত উল্লেখিত সময়ের মধ্যে অর্থ জমা করতে দেরী হয়ে থাকে (3 নং দফা)। এই সুদ গ্রাহককে প্রদান করা হবে সব ধরণের অ্যাকাউন্টে গ্রাহকের কাছ থেকে কোন দাবি আসা ব্যতিরেকে।

3 নং দফা অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার বেশী দেরীতে সংগ্রহের কারণে নিম্নলিখিত হারে সুদপ্রদান করা হবে:

a) স্থানীয় / বাইরের চেকের জন্য (3 নং দফায়) উল্লেখিত নির্দিষ্ট সময়সীমার বেশী দেরীতে সংগ্রহের কারণে সেভিংস ব্যাংক হার।
b) যেখানে দেরী 45 দিনের বেশী হবে, সেই সময়ের জন্য টার্ম ডিপোজিটে প্রযোজ্য হারে সুদপ্রদান করা হবে।
c) অস্বাভাবিক দেরীর ক্ষেত্রে অর্থা□90 দিনের বেশী দেরী হলে, সঙ্গতির্পূণ টার্ম ডিপোজিটের সুদের হারের উপরে 2% বেশী হারে সুদপ্রদান করা হবে।
d) যদি সংগ্রহাকালীন চেকের অর্থ গ্রাহকের কোন ওভারড্রাফট / ঋণ অ্যাকাউন্টে জমা পড়ার কথা থাকে, ঐ ঋণ অ্যাকাউন্টে প্রযোজ্য সুদের হারে সুদপ্রদান করা হবে। অস্বাভাবিক দেরীর কারণে, ঋণ অ্যাকাউন্টে প্রদত্ত সুদের হারের উপরে 2% বেশী হারে সুদপ্রদান করা হবে।

এটা মনে রাখা দরকার যে উপরিউক্ত ক্ষেত্রে সুদপ্রদানের বিষয়টি শুধুমাত্র ভারতেই চুক্তিভূক্তি নির্দেশ সংগ্রহের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

5. চেক / চুক্তিভূক্ত নির্দেশ আদানপ্রদানে হারানো / চেক অস্বীকৃত হওয়া / ক্লিয়ারিং প্রক্রিয়ায় বা যে ব্যাংক থেকে অর্থ বিয়োজন হবে তার শাখায়:

কোন কারণে চেক বা কোন চুক্তিভূক্ত নির্দেশ যা সংগ্রহের জন্য গ্রহণ করা হয়েছিল, আদানপ্রদানে বা ক্লিয়ারিং প্রক্রিয়ায় বা যে ব্যাংক থেকে চেকের অর্থ বিয়োজিত হবে সেখান থেকে আদানপ্রদানে হারিয়ে গেলে, ব্যাংক বিষয়টি জানা সাথে সাথে অ্যাকাউন্ট উপভোক্তাকে জানাবে যাতে তিনি চেক প্রদানকারীকে ঐ চুক্তিভূক্ত নির্দেশে অর্থপ্রদান বন্ধ রাখার নির্দেশ রের্কড করান এবং সর্তকতা নেবার জন্য যাতে ওনার দ্বারা ইস্যুকরা অন্য চেকগুলো অস্বীকৃত না হয় হারানো চুক্তিভূক্ত নির্দেশের অর্থ অ্যাকাউন্টে না জমা হবার কারণে। ব্যাংক চেকের একটি অনুলিপি সংগ্রহ করার ব্যাপারে গ্রাহককে সর্ব্বপ্রকারের সহায়তা প্রদান করবে। যদি ব্যাংক চেক হারিয়ে ফেলে, স্টপ্ পেমেন্ট রের্কড করার জন্য যদি কোন মাশুল দিতে লাগে, ব্যাংক সেই খরচ বহণ করবে।

যদি গ্রাহক দ্বারা সংগ্রহের জন্য জমা দেওয়া চেক অর্থপ্রদানকারী ব্যাংকের দ্বারা স্বীকৃত না হয়, ঐ চুক্তিভূক্ত নির্দেশ যা ফের□ এসেছে তা ব্যাংকের খাতায় রের্কডভূক্ত গ্রাহকের ঠিকানায় ফের□ পাঠানো হবে। চেক ফের□ আসার কারণে মাশুল সাধারণ মাশুলসূচি অনুযায়ী সংগৃহিত হবে।

ব্যাংকের ক্ষতিপূরণ নীতি অনুযায়ী ব্যাংক অ্যাকাউন্ট উপভোক্তাকে আদানপ্রদানে হারানো চুক্তিভূক্ত নির্দেশের জন্য নিম্নলিখিত উপায়ে ক্ষতিপূরণ দেবে:

a) যদি চুক্তিভূক্ত নির্দেশ হারানার খবর গ্রাহককে চেক সংগ্রহের নির্ধারিত সময়ের পরে দেওয়া হয়ে থাকে (3 নং দফায় উল্লেখিত), এই অতিরিক্ত নির্ধারিত সময়ের জন্য উপরে বর্ণিত হারে সুদপ্রদান করা হবে।

b) অনুলিপি চেক / চুক্তিভূক্ত নির্দেশ পাবার জন্য দেয় যুক্তিযুক্ত খরচ যা গ্রাহক খরচ করেছেন ব্যাংক তারও ক্ষতিপূরণ দেবে খরচের রসিদ উপস্থাপন করলে যদি সেই চুক্তিভূক্ত নির্দেশ যে ব্যাংক/প্রতিষ্ঠানের থেকে প্রাপ্ত হবে যিনি চুক্তিভূক্ত নির্দেশের অনুলিপির জন্য কোন ফি ধার্য্য করে থাকেন।

6. ফোর্স মেজ্যুর

ব্যাংক গ্রাহককে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে না যদি কোন অপ্রত্যাশিত ঘটনা (অর্ন্তভূক্ত কিন্তু সীমাবদ্ধ নয় যেমন নাগরিক বিক্ষোভ, অর্ন্তঘাত, বা অন্য শ্রমিক অসন্তোষ, দুর্ঘটনা, আগুন, প্রাকৃতিক বিপর্যয় বা অন্য "ভগবানের কাজ", যুদ্ধ, ব্যাংকিং সামগ্রীর বা অনুরূপ ব্যাংক (গুলির) ক্ষতি, স্বাভাবিক যোগাযোগ উপায়ের অভাব, ইত্যাদি যা ব্যাংকের নিয়ন্ত্রণের বাইরে এবং ব্যাংককে নির্দিষ্ট পরিষেবা বিতরণের সীমার তার বাধ্যবাধকতা পূরণ করতে বাধা দেয়।

7. তাৎক্ষণিক অর্থপ্রদান যে চেকে করা হয়েছে তা অস্বীকৃত হয়ে ফের এলে:

কোন চেক অস্বীকৃত হলে যার জন্য তাৎক্ষণিক অর্থপ্রদান ব্যাংক দ্বারা উপলব্ধ করা হয়েছিল, তা অস্বীকৃত হয়ে ফের এলে, চেকের মূল্য অবিলম্বে অ্যাকাউন্ট থেকে বিয়োজিত হবে। গ্রাহকের কাছ থেকে কোন সুদগ্রহণ করা হবে না তাৎক্ষণিক অর্থপ্রদানের দিন থেকে লেনদেন নিষ্পত্তির দিন পর্যন্ত।

যদি চেকের অর্থ সেভিংস ব্যাংক অ্যাকাউন্টে জমা পড়ে এবং না তোলা হয়ে থাকে, চেক অস্বীকৃত হয়ে ফের এলে, যেই পরিমাণ অর্থপ্রদান করা হয়েছে তার জন্য কোন সুদ ধার্য্য করা হবে না। যদি অর্থ কোন ওভারড্রাফট / ঋণ অ্যাকাউন্টে জমা পড়ে থাকে, সুদ ওভারড্রাফট / ঋণে প্রযোজ্য সুদের হারের উপর 2% অতিরিক্ত হারে পুনরুদ্ধার করা হবে অর্থপ্রদানের দিন থেকে লেনদেনের বিপরীতমুখী নিষ্পত্তির দিন অবধি যদি চুক্তিভূক্ত নির্দেশ অস্বীকৃত হয়ে ফের আসে ব্যাংকে যতক্ষণ পর্যন্ত অর্থ ফের আসেনি।